

প্রিয় পরিবারবর্গ,

হাই স্কুলে আবেদনের সময় শুরু হবে 24 জানুয়ারির সপ্তাহে, এবং আমরা ঐ একই সপ্তাহে আমাদের নিউ ইয়র্ক সিটি হাই স্কুল ভর্তির ভার্চুয়াল অনুষ্ঠান সিরিজের পার্ট 2 আয়োজন করতে পেরে আনন্দিত। অষ্টম গ্রেডের (এর পাশাপাশি প্রথম-বারের নবম গ্রেডের আগ্রহী শিক্ষার্থী পরিবার) শিক্ষার্থীদের সকল NYC পরিবারকে এই অনুষ্ঠানে যোগদানের আমন্ত্রণ জানানো এবং উৎসাহিত করা হচ্ছে। প্রতিটি অনুষ্ঠান ভার্চুয়ালভাবে হবে, এর ফলে আপনি যেকোনো স্থান থেকে যোগ দিতে পারবেন!

- প্রতিটি পার্ট 2 অনুষ্ঠানে, আমরা কখন ও কীভাবে আবেদন করতে হবে, কীভাবে অফার দেয়া হয়, কীভাবে একটি ভারসাম্যপূর্ণ হাই স্কুল আবেদন তৈরি করা যায়, এবং লাগোয়ার্ডিয়া হাই স্কুলসহ বাছাইকৃত প্রোগ্রামের জন্য কীভাবে আবেদনকারীদের মূল্যায়ন করা হবে সেসব তথ্য আমার প্রদান করবো।
- উপস্থাপনার পর, আমরা আপনার প্রশ্নাবলীর জবাব দিব।

প্রতিটি অনুষ্ঠানের বিষয়বস্তু একই, **ভিন্ন ভিন্ন অনুষ্ঠানে ভিন্ন ভিন্ন দোভাষী পরিষেবা দেয়া হবে**, যা নিম্নোক্ত:

- **24 জানুয়ারি**, 5pm থেকে 6pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। দোভাষী সেবা প্রদান করা হবে: বাংলা, কোরিয়ান, স্প্যানিশ
- **26 জানুয়ারি**, 1pm থেকে 2pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লিখিত ভাষায় দোভাষী সেবা প্রদান করা হবে: আরবি, ফ্রেঞ্চ, রাশিয়ান
- **27 জানুয়ারি**, 5pm থেকে 6pm | অনুষ্ঠানটি ইংরেজিতে হবে। উল্লিখিত ভাষায় দোভাষী সেবা প্রদান করা হবে: চাইনিজ (ম্যান্ডারিন), হেশিয়ান ক্রিওল, উর্দু ভাষায়।

কীভাবে যোগ দিতে হবে:

- অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচারণে (লাইভ) পরিচালিত হবে। অনুষ্ঠান শুরু হবার সময়, উল্লিখিত ওয়েবসাইটে, আমাদের সাথে জুম (Zoom)-এ যোগ দিন: <https://bit.ly/HSEvent2022>
- **গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য:** অধিবেশনের দুই কার্য দিবস আগে আপনার ইমেইল অথবা schools.nyc.gov/Middle ওয়েবপেজ চেক করবেন: আমরা আপনাকে একটি মেসেজ পাঠাবো যাতে অধিবেশনে যোগ দিতে আপনার জন্য আবশ্যিক জুম (zoom) লিংক এবং পাসওয়ার্ড এবং এর পাশাপাশি উল্লিখিত ভাষাসমূহে দোভাষী পরিষেবার জন্য ফোন নম্বর দেয়া থাকবে।

অংশগ্রহণ করতে পারবেন না, অথবা আরও জানতে চান?

- দেখুন schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS ওয়েবসাইট। প্রথম অধিবেশনের দুই সপ্তাহ পর আমাদের ওয়েবসাইটে ক্যাপশন (লেখা) সহ একটি রেকর্ডিং অধিবেশন পোস্ট করা হবে।

শুভ কামনায়,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবসক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।